

বাংলাদেশি কমিউনিটির জাতীয় বৃক্ষ-দিবস পালন

অস্ট্রেলিয়ার জাতীয় বৃক্ষ-দিবসকে উপলক্ষ করে বাংলাদেশ কৃষিবিদ ইন্সটিটিউশন এর অস্ট্রেলিয়া-বাসী সদস্যরা গ্রিনিং অস্ট্রেলিয়ার পৃষ্ঠপোষকতায় গত ১৬ই জুলাই অক্সলি-পার্ক এলাকায় এক অনাড়ম্বর বৃক্ষ-রোপণ অনুষ্ঠান আয়োজন করেন ।

এই অনুষ্ঠানে অস্ট্রেলিয়া-বাসী বাংলাদেশি কৃষিবিদ-পরিবার সহ আরও অনেক স্থানীয় বাংলাদেশি-পরিবার অংশগ্রহণ করেন । উল্লেখ্য যে কোন বাংলাদেশি কমিউনিটি এই প্রথম একান্ত নিজেদের অনুষ্ঠানের মাধ্যমে অস্ট্রেলিয়ার এই বিশেষ জাতীয়-দিবস উদযাপন করেছে । অনুষ্ঠানটি অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় সরকারের “ন্যাশনাল ল্যান্ডকেয়ার প্রোগ্রাম” এর অনুদানের আওতায় গ্রিনিং অস্ট্রেলিয়ার “কাম্বারল্যান্ড স্টেপিং স্টোন” প্রোগ্রামের অংশ হিসাবে আয়োজন করা হয়েছিল । এই অনুষ্ঠানের মাধ্যমে সিডনির পশ্চিমে অবস্থিত জাতীয়ভাবে স্বীকৃত লুপ্তপ্রায় “কাম্বারল্যান্ড প্লেইন উড-ল্যান্ড” সংরক্ষণ কার্যক্রমে বাংলাদেশি কমিউনিটির অবদান রাখার সক্রিয়-প্রয়াস একটি প্রশংসনীয় উদ্যোগ ।

গ্রিনিং অস্ট্রেলিয়ার পক্ষ থেকে বৃক্ষ-রোপণ অনুষ্ঠানটি পরিচালনা করেন মিজ গেইল লো, যিনি নিজেও একজন স্থানীয় কৃষিবিদ এবং কীট-তত্ত্ববিদ । অনুষ্ঠানের সমাপ্তিতে গ্রিনিং অস্ট্রেলিয়ার কমিউনিটি টিম অংশগ্রহণকারী বাংলাদেশি কমিউনিটির সদস্যদের জন্য একটি বারবিকিউ লাঞ্চার মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করে ।

অনুষ্ঠানের উদ্যোক্তাদের বরাত দিয়ে জানানো যাচ্ছে যে এই অনুষ্ঠানে ৩৩জন বাংলাদেশি কমিউনিটির সদস্য ৪০০ এর উপরে স্থানীয় গাছের চারা রোপণ করেছেন ।



